ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫

বিশেষ বাহক মারফত

স্মারক নং-পপ/প্র-ই/শৃং(শা-২)/১০/২০১৮/ ২৭

তারিখ ঃ ২২.০৭.২০১৯ খ্রিঃ
০৭ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ

বিষয় ঃ ডাঃ কামরুন নাহার, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), কাউন্দিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাভার, ঢাকা এর ১ম কারণ দর্শনো নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ।

সূত্র ঃ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, শৃঙ্খলা শাখার স্মারক নম্বর ঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৯. ১৮-১৪১, তারিখ ঃ ২৭/১২/২০১৮ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডাঃ কামরুন নাহার, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), কাউন্দিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাভার, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) এর অভিযোগে অভিযুক্ত করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয় এবং ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য অভিযুক্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয়। উক্ত নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, ডাঃ কামরুন নাহার, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), কাউন্দিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাভার, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক বিভাগীয় মামলার ১ম কারণ দর্শানোর নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

সংলগ্নি ঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

(মোঃ রমজান আলী)
যুগ্মসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ও
পরিচালক (প্রশাসন)
ফোন ঃ ৯১৪৬১২৮।

পরিচালক (এমআইএস)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা।

স্মারক নং-পপ/প্র-ই/শৃং(শা-২)/১০/২০১৮/

তারিখ ঃ ..............................

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক/পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।
৩। অফিস কপি।

এ, কে, এম, রোকনুজ্জামান
সহকারী পরিচালক (পার-২)।

ডায়েরী নং.................... তারিখঃ..................খ্রিঃ
উপ-পরিচালক (পার্সোনেল)/ সহকারী পরিচালক (পার-১ / পার-২/ মনিটরিং/কমন সার্ভিস/পরিবহন/সমন্বয়)/ভারপ্রাপ্ত কর্মকর্তা(পেনশন)/ ডি.পি.এম.(এইচ.আর.এম) / কল্যাণ কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা/ অফিস সুপারঃ-১/অফিস সুপারঃ-২/ব্যক্তিগত সহকারী
পরিচালক (প্রশাসন)
পঃ পঃ অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা

তারিখঃ২৭/১২/২০১৮ খ্রি.

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৯.১৮- ১৪৭

বিষয়ঃ ডাঃ কামরুন নাহার, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), কাউন্দিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)'-এর দায়ে বিভাগীয় মামলা রুজু।

## অভিযোগনামা

যেহেতু, আপনি, ডাঃ কামরুন নাহার, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), কাউন্দিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর আবেদনের পরিপ্রেক্ষিতে পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গত ১৬/০৬/২০১৩ তারিখের ৪৫.১৭০.০০৮.০১.০০.০০২.২০১৩-২৫০ নম্বর পত্রের মাধ্যমে যুক্তরাষ্ট্রে গমনের অনুমতিসহ গত ০১/০৭/২০১৩ হতে ৩১/০৮/২০১৩ অথবা ছুটি ভোগের তারিখ হতে ২ (দুই) মাসের জন্য বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। আপনি গত ০১/০৮/২০১৩ তারিখ হতে উল্লিখিত ছুটি ভোগ করার লক্ষ্যে উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা বরাবর আবেদন করেন। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা কর্তৃক গত ১৭/০৭/২০১৩ তারিখের জেপপঅ/ঢাকা/ ২০১৩/৫৩৫ নম্বর পত্রের মাধ্যমে আপনাকে বর্ণিত ছুটি ভোগের অনুমতি প্রদান করা হয়। তবে, আপনি বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি ভোগ শেষে অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, আপনি, বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করায় মা, শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম দারুনভাবে বাধাগ্রস্থ হয়েছে এবং বিভাগীয় ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে; এবং

যেহেতু, আপনার, এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)' হিসেবে গণ্য; যা শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু, আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)'-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' দণ্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আত্মপক্ষ সমর্থনে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কি-না, তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

২৮/১২/১৮
(জি. এম. সালেহ উদ্দিন)
সচিব

উপপরিচালক (পার্সোনেল)
পঃ পঃ অধিদপ্তর, ঢাকা।

ডাঃ কামরুন নাহার
মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ)
কাউন্দিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাভার, ঢাকা।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৯.১৮- ১৪১/১(৬) তারিখঃ২৭/১২/২০১৮ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অয়েবসাইটে প্রকাশ, অভিযুক্ত কর্মকর্তার ই-মেইলে প্রেরণ এবং তাঁর সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরণপূর্বক (যদি বিলি না হয়ে থাকে সেক্ষেত্রে সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় লটকায়ে জারিকরণপূর্বক ফেরতখামসহ) তার প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের অনুরোধসহ)

২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা।

৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সাভার, ঢাকা।

২৭/১২/১৮
(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোন-৯৫৪৫৬৬৭

# অভিযোগ বিবরণী

আপনি, ডাঃ কামরুন নাহার, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), কাউন্দিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর আবেদনের পরিপ্রেক্ষিতে পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গত ১৬/০৬/২০১৩ তারিখের ৪৫.১৭০.০০৮.০১.০০.০০২.২০১৩-২৫০ নম্বর পত্রের মাধ্যমে যুক্তরাষ্ট্রে গমনের অনুমতিসহ গত ০১/০৭/২০১৩ হতে ৩১/০৮/২০১৩ অথবা ছুটি ভোগের তারিখ হতে ২ (দুই) মাসের জন্য বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। আপনি গত ০১/০৮/২০১৩ তারিখ হতে উল্লিখিত ছুটি ভোগ করার লক্ষ্যে উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা বরাবর আবেদন করেন। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা কর্তৃক গত ১৭/০৭/২০১৩ তারিখের জেপপঅ/ঢাকা/২০১৩/৫৩৫ নম্বর পত্রের মাধ্যমে  আপনাকে বর্ণিত ছুটি ভোগের অনুমতি প্রদান করা হয়। তবে, আপনি বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি ভোগ শেষে অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি;

আপনি, বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করায় মা, শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম দারুণভাবে বাধাগ্রস্থ হয়েছে এবং বিভাগীয় ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে; এবং

আপনার, এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)' হিসেবে গণ্য; যা শাস্তিযোগ্য অপরাধ।

২৬/১২/১৮

(জি. এম. সালেহ উদ্দিন)
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়